**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর**
**সদর, বান্দরবান পার্বত্য জেলা**
**www.doict.sadar.bandarban.gov.bd**

**বান্দরবান সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : **উম্মে হাবীবা মীরা**
উপজেলা নির্বাহী অফিসার

সভার তারিখ : ৩০ নভেম্বর ২০২৩
সময় : সকাল- ০৯.৩০ টা
সভার স্থান : উপজেল পরিষদ সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য সচিব সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারি কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **আইসিটি বিষয়ক সভা সংক্রান্ত:** উপজেলা আইসিটি বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল সদস্যেক উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। সভার নোটিশ ও কার্যবিবরনী নথি সিস্টেম এবং মেইলে প্রেরণের বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রস্তাব দেন।<br>প্রতিমাসে আইসিটি বিষয়ক সভা করে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ক) সভার নোটিশ ও কার্যবিবরনী, নথি সিস্টেম এবং মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) প্রতিমাসে আইসিটি বিষয়ক সভা করে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত:** ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে জাতীয় তথ্য বাতায়নের গুরুত্ব তুলে ধরেন এবং বাংলা ও ইংরেজি উভয় ভার্সনে তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন।<br>অধিকতর সিকিউরিটি ও হ্যাকিং এর মত দুর্ঘটনা এড়াতে উপজেলার সকল সরকারি দপ্তরসমূহের তথ্য বাতায়নের ডিফল্ট পাসওয়ার্ড জরুরীভিত্তিতে পরিবর্তন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br>বান্দরবান সদর উপজেলা তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ রয়েছে। তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী উপজেলা ও ইউনিয়নের সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। | ক) সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়নের ডিফল্ট পাসওয়ার্ড জরুরীভিত্তিতে পরিবর্তন করতে হবে।<br>খ) উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন তথ্য বাতায়ন বাংলা ও ইংরেজি ভার্সনসহ নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>গ) তথ্য বাতায়নের রিপোর্টের অসম্পূর্ণতা ভিত্তিতে উপজেলা সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করার জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহাযোগিতা প্রদান করবেন। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। ইউপি সচিব (সকল)<br>৪। ইউডিসি উদ্যোক্তা (সকল) |
| ০৩. | **ডিজিটাল নথি(ডি-নথি) সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ডি-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ডি-নথি সিস্টেমের মাধ্যমে আগত সকল পত্র দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনা করে উক্ত সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সিস্টেম থেকে পত্রজারীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় ।<br>খ) যে সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, সে সকল দপ্তরসমূহকে ডি-নথিতে ডাক উপস্থাপন ও নিষ্পত্তি করতে অনুরোধ করা হয়।<br>গ) অপ্রয়োজনীয় পত্রজারী না করার জন্য অনুরোধ করা হয়। | ক) সকল সরকারি অফিসে ডি-নথি'র মাধ্যমে পত্রজারীসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।<br>খ) অনিষ্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিষ্পন্ন করতে হবে এবং অপ্রয়োজনীয় পত্র প্রেরণ হতে বিরত থাকতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক:** বান্দরবান সদর উপজেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৪টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৫৯টি মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। মাল্টিমিডিয়া ক্লাসরুমে অনুষ্ঠিত ক্লাস সংক্রান্ত তথ্য mmcm সিস্টেমে সমস্যার থাকায় তথ্য পাওয়া যায়নি। mmcm সিস্টেম সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত ম্যানুয়ালি রেজিস্টারে মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য সংরক্ষণের বিষয়ে আলোচনা হয়। প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে ম্যানুয়ালি রিপোর্ট প্রেরণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কে অনুরোধ করা হয়।<br>শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়ার যথাযথ ব্যবহার বিষয়ে একটি মিটিং আহবান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। | ক) প্রতি মাসে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমূহ পরিদর্শন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়ার যথাযথ ব্যবহার বিষয়ে বিশেষ সভা আহবান করতে হবে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।<br>গ) অক্টোবর/২০২৩ মাসের মাধ্যমিক পর্যায়ে মাল্টিমিডিয়া ক্লাস সংখ্যা: ৩২৮টি (উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রদত্ত ম্যানুয়াল রিপোর্ট অনুযায়ী) এবং প্রাথমিক পর্যায়ে ৩৩টি (উপজেলা শিক্ষা কর্মকর্তার রিপোর্ট অনুযায়ী) | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বান্দরবান সদর<br>২। উপজেলা শিক্ষা অফিসার, বান্দরবান সদর<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৫. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব সংক্রান্ত:** আইসিটি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে আইসিটি অধিদপ্তর কর্তৃক বান্দরবান সদর উপজেলায় ১টি স্কুল অব ফিউচারসহ মোট ১২টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়।<br>১) বান্দরবান কালেক্টরেট স্কুল এন্ড কলেজ;<br>২) রেইচা উচ্চ বিদ্যালয়;<br>৩) চেমিডলু পাড়া উচ্চ বিদ্যালয়;<br>৪) বাঘমারা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়;<br>৫) চিম্বুক উচ্চ বিদ্যালয়;<br>৬) জাগো ফাউন্ডেশন অনলাইন স্কুল।<br>এবং ২০২১-২২ অর্থ বছরে<br>১) বান্দরবান কালেক্টরেট স্কুল এন্ড কলেজ (স্কুল অব ফিউচার);<br>২) বালাঘাটা বিলকিস বেগম উচ্চ বিদ্যালয়;<br>৩) রাজবিলা উচ্চ বিদ্যালয়;<br>৪) ডনবসকো উচ্চ বিদ্যালয়;<br>৫) বীর বাহাদুর স্কুল এন্ড কলেজ;<br>৬) সুয়ালক উচ্চ বিদ্যালয়।<br>এছাড়া ২০২৩-২৪ অর্থ বছরে আরও ৯টি নতুন ল্যাব স্থাপনের আবেদন যাচাই বাছাই করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে বলে সহকারী প্রোগ্রামার জানান।<br>উক্ত ল্যাবসমূহের নিরাপত্তা ও যথাযথ ব্যবহার মনিটর করার জন্য সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এতে ল্যাবে স্থাপিত ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রাংশের সুষ্ঠু ব্যাবাহার নিশ্চিত হবে পাশাপাশি প্রশিক্ষণ হতে প্রাপ্ত অর্থ দিয়ে ল্যাবের অচল যন্ত্রাংশের মেরামত করা যাবে মর্মে আলোচনা করা হয়।<br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নাই সে সকল প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নিয়োগের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের ল্যাব ব্যবহার সংক্রান্ত রিপোর্টসহ উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে।<br>খ) ল্যাবে স্টক রেজিস্টার, পরিদর্শন রেজিস্টার, ছাত্র-ছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টারসহ অন্যান্য রেজিস্টার রাখতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে।<br>গ) নিজ উদ্যোগে ল্যাবের অচল কম্পিউটার সামগ্রী মেরামত ও ল্যাব পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>ঘ) ল্যাব নিয়মিত আইসিটি ক্লাসসহ অন্যান্য কার্যক্রম চালু রেখে ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>ঙ) উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রতিষ্ঠান প্রধানদের উপস্থিত থাকতে হবে এবং সভায় ল্যাব ব্যবহার সংক্রান্ত মাসিক প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>চ) ল্যাবের নিরাপত্তার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br>ছ) ল্যাব ব্যবহার নীতিমালা-২০১২ ও ল্যাব চুক্তিনামা অনুযায়ী ল্যাব পরিচালনা করতে হবে।<br>জ) উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সকল সদস্যবৃন্দ মাঠ পর্যায়ে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার সময়ে উক্ত ল্যাবসমূহ পরিদর্শন করে ল্যাব সক্রিয় আছে কিনা তা তদারকি করবেন। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সদর<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, সদর<br>৪। প্রতিষ্ঠান প্রধান(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব।<br>৪। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **ডিজিটাল সেন্টার সংক্রান্ত:** বান্দরবান সদরে ০১টি উপজেলা, ০১টি পৌর ডিজিটাল সেন্টার এবং ৬টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। সংশ্লিষ্ট সকল সদস্যকে উক্ত ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয়।<br>**একসেবায় সিস্টেমে নিয়মিত তথ্য আপলোডকরণ:** ইউডিসি'র দৈনিক রিপোর্ট একসেবায় নিয়মিত তথ্য আপলোড করা হয়না মর্মে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে উদ্যোক্তাদের মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যান ও সচিবদের অনুরোধ জানানো হয়। নভেম্বর/২০২৩ মাসে সদর উপজেলার সুয়ালক ইউডিসির একসেবায় উদ্যোক্তা মোট আয় ৩২৫৭৩ টাকা ও মোট সেবা গ্রহীতা সংখ্যা ৯৫৭ জন এবং অন্য ইউডিসিকে একসেবা সিস্টেমে আয় ও সেবার তথ্য আপলোড দেয়ার অনুরোধ করা হয়। উপজেলা আইসিটি সংক্রান্ত কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাদের আয় ও সেবার প্রতিবেদনসহ উপস্থিতির বিষয়ে আলোচনা করা হয়। | ক) সুবিধামত সময়ে ইউডিসিসমূহ পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><br>খ) ইউডিসি'র দৈনিক আয়ের রিপোর্ট একসেবা uddokta.eksheba.gov.bd এ নিয়মিত আপলোড করতে হবে।<br><br>গ) ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম তদারকি এবং একসেবায় নিয়মিত আয়ের রিপোর্ট আপলোডের বিষয়ে নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>ঘ) উদ্যোক্তাদের আয় ও সেবা বিষয়ে মাসিক রিপোর্টসহ সভায় উপস্থিত নিশ্চিত করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান/সচিব (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল)<br>৬। সংশ্লিষ্ট সকল |
| ০৭. | **ই-মেইল ও সোশ্যাল মিডিয়া ব্যবহার সংক্রান্ত:** প্রতিদিনের কার্যক্রম ও জনগুরুত্বপূর্ণ সেবা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম স্ব স্ব দপ্তরের ফেসবুক পেইজে প্রচারণা বৃদ্ধি করতে হবে। সরকারি দপ্তরসমূহে নিয়মিত ই-মেইল ব্যবহারে **"সরকারি ই-মেইল নীতিমালা-২০১৮"** অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়। ফেসবুক বা অন্যান্য সোশ্যাল মিডিয়াতে সরকার ও রাষ্ট্রবিরোধী, সরকারের উন্নয়ন কার্যক্রমকে বাধাগ্রস্থ করে এবং বিদেশী রাষ্ট্রের সাথে সম্পর্ক নষ্ট করে এমন পোস্ট করা হতে বিরত থাকার বিষয়ে সকলকে সতর্ক হতে এবং **সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)** যথাযথভাবে অনুসরণ করতে সদস্য সচিব সকলকে অনুরোধ করেন।<br>উপজেলার সকল দপ্তরকে নিজ নিজ দাপ্তরিক কার্যক্রমের উপর সর্বোচ্চ ০১(এক) মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরি করে স্ব স্ব তথ্য বাতায়ন ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের বিষয়টি সভাপতি সকল দপ্তর প্রধানের কাছ থেকে জানতে চান। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে মর্মে দপ্তর প্রধানগন জানান। | ক) জনগুরুত্বপূর্ণ ও সেবামূলক কার্যক্রম ফেসবুকে প্রচার এবং রাষ্ট্রবিরোধী ও ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এমন পোস্ট করা থেকে বিরত থাকতে হবে।<br><br>খ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।<br><br>গ) সকল দপ্তর নিজ নিজ দাপ্তরিক কার্যক্রমের ০১(এক) মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরি করে স্ব স্ব তথ্য বাতায়ন ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক লিংকসহ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল )<br>২। সংশ্লিষ্ট সকল |
| ০৮. | **সুরক্ষা সনদ সংশোধন সংক্রান্ত:** আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বান্দরবান সদর কর্তৃক সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ টিকা সনদ সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করা হয় মর্মে সহকারী প্রোগ্রামার সভায় অবহিত করেন। | ক) সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ ভ্যাক্সিন সংশোধনীর কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর। |
| ০৯. | **'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্প:** তথ্য-প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় বান্দরবান সদর উপজেলায় বিনামূল্যে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। কোর্সসমূহ হচ্ছে-<br>(১) IT Service Provider (ISP) এর ৪টি ব্যাচে ৮০জন,<br>(২) Graphics Design (GD) এর ২টি ব্যাচে ৪০জন,<br>(৩) Web Development (WD) এর ১টি ব্যাচে ২০জন,<br>(৪) Digital Marketing (DM) এর ১টি ব্যাচে ২০জন,<br>(৫) Women E-commerce Professional (WEP) এর ১টি ব্যাচে ২৫ জন এবং<br>(৬) Women Call Centre Agent এর ১টি ব্যাচে ২৫জন | ক) 'হার পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন)' প্রকল্পের আওতায় বান্দরবান সদর উপজেলার আগ্রহী নারীদের অধিক প্রচারসহ সার্বিক প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।<br><br>খ) Women E-commerce Professional (WEP) এর ১টি ব্যাচে মোট ২৫ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে গত ১৮ অক্টোবর ২০২৩ ডনবসকো উচ্চ বিদ্যালয়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারা বাংলাদেশের একযুগে অনলাইনে শুভ উদ্বোধন করেন। | ১) উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই ও মনিটরিং কমিটি।<br>২। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | সর্বমোট ২১০জন ০৫ (পাঁচ) মাসব্যাপী এই প্রশিক্ষণসমূহ প্রদান করা হবে। বিস্তারিত: http://herpower.gov.bd | | |
| ১০. | **বিবিধ:**<br>**ক) জয় SET Center:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর ডিজিটাল সংযোগ স্থাপন(ইডিসি) প্রকল্পের আওতায় বান্দরবান সদর উপজেলায় নির্মানাধীন ভবনের ৫ম ও ৬ষ্ঠ তলা "জয় SET Center (জয় স্মার্ট সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট সেন্টার)" গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখ নির্মাণ কাজের শুভ উদ্বোধন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।<br>**খ) ইনফো সরকার-২:** এ বিভিন্ন দপ্তরে প্রদানকৃত রাউটার সচল না থাকলে বিটিসিএল, বান্দরবান বা নির্বাহী পরিচালক, **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)** কে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ক) "জয় SET Center (জয় স্মার্ট সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট সেন্টার)" নির্মান বিষয়ে তদারকি ও সার্বিক সহযোগিতা প্রদান করবেন।<br>খ) ইনফো সরকার-২ এ বিভিন্ন দপ্তরে প্রদানকৃত রাউটার সচল না থাকলে বিটিসিএল, বান্দরবান বা নির্বাহী পরিচালক, **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)** কে পত্র প্রেরণ করত: সেটি সচলের ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, সদর;<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর;<br>৩। সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১১/২৩

**উম্মে হাবীবা মীরা**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
ফোন নম্বর- ০২৩৩৩৩০২১২২(অফিস)
ই-মেইল: unobandarban@mopa.gov.bd

স্মারক: ৫৬.০৪.০৩৯১.০০০.০৬.০০১.২২- 28

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০ / ৩০ নভেম্বর ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ( মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, বান্দরবান পার্বত্য জেলা
৬। ..........................................................................................(সংশ্লিষ্ট সকল), সদর, বান্দরবান পার্বত্য জেলা
৭। অফিস কপি।

30.11.2023

**(মোহাম্মদ ছুরত আলম)**
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
মোবাইল: ০১৮১৪-১৩৮৫৮৮
ই-মেইল: alamdoict@gmail.com

## উপজেলা আইসিটি কমিটির নভেম্বর/২০২৩ মাসে সভা

তারিখ: ৩০ নভেম্বর ২০২৩ সময়: সকাল ০৯.৩০ টা

### সম্মানিত উপস্থিতি: পরিশিষ্ট ‘ক’ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র. | নাম ও পদবী |
|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি),সদর,বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৩ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরসদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৬ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৭ | অফিসার ইন চার্জ, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৮ | প্রধান শিক্ষক, বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, বান্দরবান পার্বত্য জেলা। (প্রতিনিধি) |
| ১২ | প্রধান শিক্ষক, বালাঘাটা বিলকিছ বেগম উচ্চ বিদ্যালয়, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১৩ | কাজল কুমার রায়,সহকারি শিক্ষক, রাজবিলা উচ্চ বিদ্যালয়। |
| ১৪ | সহকারি শিক্ষক,সুয়ালক উচ্চ বিদ্যালয়। |
| ১৫ | বান্দরবান সরকারি মহিলা কলেজ (প্রতিনিধি )। |
| ১৬ | সিনিয়র শিক্ষক, রেইচা উচ্চ বিদ্যালয়। |

### অনুপস্থিতির তালিকা: পরিশিষ্ট ‘ক’ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র. | নাম ও পদবী |
|---|---|
| ০১ | প্রতিনিধি, বান্দরবান সরকারি কলেজ, সদর,বান্দরবান পার্বত্য জেলা। |
| ০২ | উপজেলা প্রকৌশলী, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৩ | অধ্যক্ষ, বান্দরবান ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৪ | সহকারী প্রকৌশলী, বিটিসিল, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |
| ০৫ | পরিচালক, আপহিল আইটি, সদর, বান্দরবান পার্বত্য জেলা। |